



# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

HATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-১৩/২০২৬

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখঃ ০২/০৩/২০২৬ খ্রি.

কাস্টমস: অটোমেশন শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, এর নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৯৯.০০২১.২১.৪০/১ (১২),  
তারিখঃ ২৬/০২/২০২৬ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

  
দেবশীষ চৌধুরী  
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
কাস্টমস: অটোমেশন শাখা

নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৬৬.৯৯.০০২১.২১.৪০

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০২৭.২৮.০৪৩.১৯.৯৭, তারিখ: ১৪-১০-২০২৫ খ্রি. এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট অনুবিভাগের প্রশাসনিক সংস্কার, পুনর্গঠন ও সম্প্রসারণ করা হয়েছে। উক্ত সিদ্ধান্তের আলোকে নবসৃষ্ট কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম এর কার্যক্রম সুষ্ঠু, সমন্বিত ও নির্বিঘ্নভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ জারি করা হলো:

### ক. মেনিফেস্ট ও কার্গো ঘোষণা সংক্রান্ত নির্দেশনা:

- নবসৃষ্ট কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম এর অফিস কোড ৩০৬ নির্ধারিত হলো যা ASYCUDA World সিস্টেমে কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম এর আমদানি-রপ্তানি পণ্য খালাসের জন্য ব্যবহৃত হবে;
- ইম্পোর্ট সংক্রান্ত মেনিফেস্ট পূর্বের ন্যায় কাস্টমস হাউস, চট্টগ্রাম (অফিস কোড ৩০১)-এ দাখিল করতে হবে;
- প্রযোজ্য ক্ষেত্রে ট্রাক মেনিফেস্ট নবসৃষ্ট কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম (অফিস কোড ৩০৬)-এ দাখিল করতে হবে;
- শিপিং এজেন্ট ও ফ্রেইট ফরওয়ার্ডারগণ কর্তৃক বিল অব লেডিং দাখিলের ক্ষেত্রে Place of Unloading এর স্থানে "BDCDC (ICD, Chattogram)" উল্লেখ করতে হবে।

### খ. পণ্য ঘোষণা সংক্রান্ত নির্দেশনা:

- সকল প্রকার আমদানি ও রপ্তানি পণ্যচালানের জন্য পণ্য ঘোষণা ফরমের-
- বক্স নং-১ (Office Code) এর স্থানে "৩০৬" উল্লেখ করতে হবে;
  - বক্স নং-২৭ (Place of Unloading/Loading) এর স্থানে "BDCDC (ICD, Chattogram)" উল্লেখ করতে হবে;
  - বক্স নং-২৯ (Office of Entry/Exit) এর স্থানে "৩০১" উল্লেখ করতে হবে;
  - বক্স নং-৩০ (Location of Goods) এর স্থানে সংশ্লিষ্ট অফডক কোড সঠিকভাবে উল্লেখ করতে হবে;
  - কাস্টমস হাউস, চট্টগ্রাম-এ ইতোপূর্বে দাখিলকৃত বি/ই ASYCUDA World সিস্টেমে অকশনভুক্ত হলেও পরীক্ষণ, অ্যাসেসমেন্ট, নিলাম বা পেমেন্ট অসম্পন্ন থাকা সকল প্রকার পণ্যচালান কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষ কর্তৃক নিষ্পন্ন করতে হবে।

গ. লাইসেন্স, AIN/BIN ও ইউজার ম্যানেজমেন্ট সংক্রান্ত নির্দেশনা:

- কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক ইস্যুকৃত বৈধ সিএন্ডএফ এজেন্ট লাইসেন্স/AIN ব্যবহারপূর্বক কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম-এ বিল অব ইম্পোর্ট ও বিল অব এক্সপোর্ট দাখিল করা যাবে;
- আমদানিকারকের অনলাইন আবেদন ও যথাযথ অনুমোদনের ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত আইটি কর্মকর্তা AIN/BIN ট্যাগিং কার্যক্রম [bdcams.bdcustoms.gov.bd](http://bdcams.bdcustoms.gov.bd) পোর্টালের মাধ্যমে সম্পন্ন করবেন;
- সিএন্ডএফ এজেন্টদের বিদ্যমান ইউজার আইডিতে অফিস কোড ৩০১ ও ৩০৩ এর পাশাপাশি নতুন অফিস কোড ৩০৬ সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা আইটি কর্মকর্তা গ্রহণ করবেন; এবং
- দায়িত্বপ্রাপ্ত আইটি কর্মকর্তা ASYCUDA World System-এ ইউজার আইডি সৃষ্টি, হালনাগাদ, সক্রিয়করণ ও নিষ্ক্রিয়করণসহ ইউজার ম্যানেজমেন্ট সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করবেন।

২। নবসৃষ্ট দপ্তরটি পূর্ণাঙ্গভাবে অপারেশনাল করার লক্ষ্যে কাস্টমস অটোমেশন টিম ASYCUDA World System-এ প্রয়োজনীয় কারিগরি পরিবর্তন ইতোমধ্যে সম্পন্ন করেছে। প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠু ও কার্যকরভাবে পরিচালনার জন্য কমিশনার, কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম প্রয়োজনীয় অফিস আদেশ জারি করে নতুন সেকশন সৃষ্টি, সেকশন পুনর্বিন্যাস, অফিসারদের দায়িত্ব বণ্টন এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণকে অবহিতকরণ ও সমন্বয়ের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কোনো অসামঞ্জস্যতা বা জটিলতা পরিলক্ষিত হলে তা অবিলম্বে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-

২৬-০২-২০২৬

মোহাম্মদ হাবিবুর রহমান

দ্বিতীয় সচিব

ইমেইল : [customs.automation@nbr.gov.](mailto:customs.automation@nbr.gov.bd)

bd

নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৬৬.৯৯.০০২১.২১.৪০/১ (১২)

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ